অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মেয়র অ্যাডামস ও NYPD-র সাথে অংশীদারিত্ব সহ নতুন অবৈধ বন্দুকের আন্তঃস্টেট টাস্কফোর্স সমবেত করলেন

নিউ ইয়র্ক স্টেট পুলিশ, NYPD, ATF এবং 50টির বেশি একাধিক স্টেটের আইন প্রয়োগকারী প্রতিনিধি একত্রিত হন অবৈধ বন্দুক প্রবাহ বন্ধ করতে পরস্পরের ডেটা ও সংস্থান ব্যবহার করার জন্য

এছাড়াও NYSP সমবায়ের অংশ হিসেবে পুরো নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সিগুলিকে সমবেত করবে

গভর্নর হোকল আজকে অবৈধ বন্দুকের আন্তঃস্টেট টাস্কফোর্সের (Interstate Task Force on Illegal Guns) প্রথম বৈঠকের নেতৃত্ব দেন। একাধিক স্টেটের এই কনসোর্টিয়ামটি বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করতে, বিশেষ করে এর সংশ্লিষ্ট স্টেট থেকে স্টেটে আগ্নেয়াস্ত্র পাচার প্রতিরোধে বুদ্ধিমত্তা, যন্ত্র, যুদ্ধকৌশল এবং কৌশলের পারস্পরিক বিনিময় করতে সমবেত হয়েছে। অন্যান্য বিষয়ের মধ্যে, স্টেট পুলিশ (New York State Police, NYSP) উপলভ্য সর্বাধুনিক যন্ত্র ও প্রযুক্তি নিয়ে এবং একই সাথে অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র এবং বিস্ফোরকের (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, ATF) ফেডারেল ব্যুরোর বিশ্লেষণ এবং এই প্রচেষ্টার অন্যান্য ডেটা উৎস অগ্রসর করা নিয়ে আলোচনা করেছে।

"বন্দুক সহিংসতা একটি জনস্বাস্থ্য সঙ্কট যা স্টেটের বাইরে থেকে নিউ ইয়র্কে আসা অবৈধ বন্দুকের মহামারী দ্বারা চালিত হয়," **গভর্নর হোকল বলেন।** "আমরা এই সঙ্কটকে সামনে থেকে মোকাবেলার জন্য পদক্ষেপ নিচ্ছি, এবং আমাদের স্থানীয়, আন্তঃস্টেট, এবং ফেডারেল অংশীদারদের সাথে এই সহযোগিতামূলক সমন্বয় অবৈধ বন্দুকের প্রবাহ বন্ধ করবে এবং জীবন রক্ষা করবে।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ, নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD), ATF-র প্রতিনিধিদের সাথে যোগ দেয় রোড আইল্যান্ড, কাইনেটিকাট, ভারমন্ট, ওহাইও, ম্যাসাচুসেটস, পেনসিলভেনিয়া, নিউ জার্সি, এবং নিউ হ্যাম্পশায়ারের আইন প্রয়োগকারী প্রতিনিধিগণ, এবং তারা তিন ঘণ্টার বৈঠকে আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট তদন্ত, পুলিশের কৌশল এবং সেরা অনুশীলন নিয়ে একাধিক বিষয়ে আলোচনা করে। দলটি স্থানীয়, স্টেট ও ফেডারেল লাইনের মাধ্যমে বন্দুক ডেটার পারস্পরিক বিনিয়োগ উন্নত করার পন্থা নিয়ে আলোচনা করে এবং গোস্ট বন্দুক সংক্রান্ত ফেডারেল ও স্টেট আইনের পার্থক্য নিয়ে কথা বলে।

দলটি আগামী সপ্তাহগুলিতে একটি ফলো-আপ বৈঠক করবে, এবং NYSP পুরো স্টেটের স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সিগুলির সাথে তথ্য বিনিময়ের জন্য একটি স্টেটের অভ্যন্তরীণ কনসোর্টিয়াম গঠনের পরিকল্পনা করবে।

সহজলভ্য আগ্নেয়াস্ত্র নিউ ইয়র্কের সাম্প্রতিক বন্দুক সহিংসতার এবং গোস্ট বন্দুকের উত্থানকে ইন্ধন দিচ্ছে, এইসব অস্ত্রের বেশিরভাগ দেশের অন্যান্য এলাকা থেকে স্টেটের সকল স্থানে আসছে। একটি সার্বিক পন্থা অবলম্বন করার জন্য, গভর্নর হোকল তার 2022 স্টেট অফ দ্য স্টেটে (State of the State) আন্তঃস্টেট বন্দুক খোঁজার কনসোর্টিয়াম ঘোষণা করেছেন, যা প্রতিবেশী স্টেটসমূহ এবং নিউ ইয়র্ক সিটির আইন প্রয়োগকারী এজেন্সিগুলির অংশীদারিত্বে কাজ করছে। এটি হলো একটি জননিরাপত্তার অতি গুরুত্বপূর্ণ ব্যাপারে একত্রিত পন্থা প্রয়োগ করতে স্টেট ও সিটির নেতৃবৃন্দের সর্বশেষ একত্রিত প্রচেষ্টা, যাদের মধ্যে রয়েছে গভর্নর হোকল, লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিন এবং মেয়র অ্যাডামস।

"আজকে আমরা উত্তরপূর্ব অঞ্চলের সেরা ও সবথেকে মেধাবী আইন প্রয়োগকারীদের একত্রিত করেছি, এবং সত্যি বলতে কি, আমি সেই সহযোগিতা ও সমন্বয় দেখে অভিভূত," **লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন।** "কীভাবে আমরা অবৈধ বন্দুক পাচার বন্ধ করতে পারি তার কৌশলের নেতৃত্ব অভিজ্ঞ বিশেষজ্ঞরা দিচ্ছে, তাই আমি নিশ্চয়তা দিয়ে বলতে পারি যে আমরা আরো নিরাপদ একটি নিউ ইয়র্ক পেতে যাচ্ছি। আমি অবৈধ বন্দুকের আন্তঃস্টেট টাস্কফোর্স গঠনে গভর্নরের নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি এই কনসোর্টিয়ামের মাধ্যমে যে হস্তক্ষেপ ও ইন্টেল প্রচেষ্টাকে শক্তিশালী করেছেন, তা নিউ ইয়র্কবাসীদের জীবন রক্ষা করবে।"

"গত তিন সপ্তাহে, আমরা বন্দুক সহিংসতা উদ্বেগজনকভাবে বাড়তে দেখেছি, এবং এটি আমাদের শহরে অনেক বেশি মর্মস্পর্শী দুর্ঘটনা ঘটিয়েছে," **নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন।** "আমরা আমাদের কষ্টকে উদ্দেশ্যে পরিণত করবো এবং পদক্ষেপ নেওয়ার জন্য একত্রিত হবো। আমরা জানি নিউ ইয়র্ক সিটি এই সঙ্কট মোকাবেলায় একা নয়, এবং আমি গভর্নর হোকল এবং আমাদের সকল অংশীদারের প্রতি কৃতজ্ঞ।"

গভর্নর হোকলের 2023 অর্থবছরের নির্বাহী বাজেটে স্টেট পুলিশ কর্মীর জন্য জরুরি বিনিয়োগ রয়েছে, যা বিশ্লেষণ ব্যান্ডউইথ বৃদ্ধি করবে, তাদের স্থানীয় ডিপার্টমেন্টগুলিকে বন্দুক পাচার বিরোধী ও অপরাধ সংক্রান্ত বিস্তারিত তদন্ত করতে সাহায্য করবে। বিনিয়োগের বিস্তারিত বিবরণ:

- বন্দুক অপরাধ খোঁজার দল বৃদ্ধি করতে 215,000 মার্কিন ডলার
- সোশ্যাল মিডিয়া বিশ্লেষণের জন্য 527,000 মার্কিন ডলার
- ট্রুপ কম্পিউটার অপরাধের জন্য 1.4 মিলিয়ন মার্কিন ডলার
- প্রতিটিতে 300 ট্রুপারসহ দুইটি একাডেমি শ্রেণীর নিয়োগের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলার
- সরঞ্জাম/সফটওয়্যার/বিশেষ কম্পিউটার অনবোর্ডিং/সাইবার ক্রাইম ইউনিটের জন্য 3.9 মিলিয়ন মার্কিন ডলার

অপরাধ ন্যায়বিচার পরিষেবা ডিপার্টমেন্টের (Department of Criminal Justice Services) অপরাধ বিশ্লেষণ কেন্দ্র নেটওয়ার্কে (Crime Analysis Center network) 13 মিলিয়ন মার্কিন ডলার যেখানে প্রতিটি কেন্দ্রে থাকবে নিবেদিত অপরাধ বন্দুক ও গুলি খুঁজে পাওয়ার সরঞ্জাম। এছাড়াও স্টেট পুলিশ বন্দুক সহিংসতা ও বন্দুক পাচারের তদন্ত করতে সরঞ্জাম ব্যবহার করবে, বিশেষ করে ফিঙ্গার লেকস ও পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে যেখানে এজেন্সিটি পেনসিলভেনিয়া ও ওহাইও থেকে শিপমেন্টের আগমন দেখছে।

এছাড়াও গভর্নর হোকল আজকে ক্যালিয়ানা এস. টমাসকে নিউ ইয়র্ক স্টেট বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসের (New York State Office of Gun Violence Prevention, OGVP) পরিচালক হিসেবে নিয়োগের কথা ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেটব্যাপী আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা ও কমিয়ে আনার জন্য গভর্নরের কর্মকাণ্ডের অংশ হিসেবে, OGVP নিউ ইয়র্ক স্টেটে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনার জন্য গ্রহণ করা যেতে পারে এমন পদক্ষেপসমূহ শনাক্ত করার উদ্দেশ্যে কমিউনিটি ও আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের চিহ্নিত ও একত্রিত করবে। হেলথ ডিপার্টমেন্টের (Department of Health) কমিউনিটি হেলথ সেন্টারে (Center for Community Health) অবস্থিত OGVP বন্দুক সহিংসতার বিদ্যমান ও উদীয়মান হট স্পটে প্রচেষ্টার সমন্বয় ও সংস্থান নির্দেশ করার জন্য অপরাধ ন্যায়বিচার পরিষেবা বিভাগ এবং অন্যান্য স্টেট এজেন্সির সাথে কাজ করবে।

অক্টোবরে, গভর্নর হোকল বিধিমালায় স্বাক্ষর করেন যেখানে বন্দুক সহিংসতা মহামারীর সমাধান করার জন্য লাইসেন্সধারী বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্র ডিলার ছাড়া সকলের জন্য অসমাপ্ত ফ্রেম বা রিসিভারের মালিকানা নিষিদ্ধ করে; গোস্ট বন্দুক বিক্রি নিষিদ্ধ করে এবং বন্দুক নির্মাতা বা আগ্নেয়াস্ত্র ডিলারদের জন্য তাদের মালিকানাধীন আগ্নেয়াস্ত্র নিবন্ধন করা বাধ্যতামূলক করে; এবং; খেলনার মতো করে নকশা করা আগ্নেয়াস্ত্রকে 'ছদ্মবেশী বন্দুকের' সংজ্ঞায় সংযোজিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418